

3 (Sem-2) BEN L

Bijni College Library
P.O. Bijni, Dist. Chirang
(B.T.A.D) Assam

2015

ELECTIVE BENGALI

(মধ্যযুগের সাহিত্য—২)

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) “নিরুপম হেম জিনি উজোর গোরা তনু
অবনী ঘন পড়ি যায়।”

‘উজোর’ শব্দের অর্থ কী ?

(খ) “মন্দির বাহির কঠিন কপাট।
চলইতে _____ পঙ্কিল বাট।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) “এ সখি হামারি দুঃখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর।”

পদটির রচয়িতা কে ?

(ঘ) “রূপ নাগি আঁবি বুঝে গুণে মন ভোর ।
প্রতি অঙ্গ নাগি কান্দে প্রতি অঙ্গ মোর ॥”

পদটি “বৈষ্ণব পদাবলী”র কোন্ পর্যায়ে অঙ্গগত ?

(ঙ) চৈতন্যদেবের পিতার নাম কী ?

(চ) চৈতন্যদেবের প্রথম স্ত্রীর নাম কী ?

(ছ) নিত্যানন্দের জন্ম কোন্ গ্রামে হয়েছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) যে কোনো দুই প্রকার অভিসারের নাম লেখো ।

(খ) শ্রীরাধার দুজন সখীর নাম লেখো ।

(গ) চৈতন্যদেবের কোষ্ঠীগণনা কে করেছিলেন ? কোষ্ঠী
বিচারে তাঁর কী নাম রাখা হয়েছিল ?

(ঘ) শ্রীঈশ্বরপুরী নবদ্বীপে কার গৃহে এসেছিলেন এবং সেখানে
কার কণ্ঠে গান শুনে তিনি অচেতন হয়ে পড়েছিলেন ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“দুহঁ কোরে দুহঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া ।
আধ তিল না দেখিলে যায় যে মরিয়া ॥”

(খ)

“মাধব কি কহব দৈব বিপাক ।

পথ-আগমন কথা কত না কহিব হে
যদি হয় মুখ লাখে লাখ ॥”

পদটি অবলম্বনে রাধার অভিসারের বর্ণনা দাও ।

(গ) “চণ্ডী রাখিলেন আজি দুই চোর বলে।” দুই চোরের কাহিনি সংক্ষেপে বিবৃত করো।

(ঘ) “শিশুগণ জানাইল গিয়া শচী স্থানে।
নিমাত্রিঃ বসিয়া আছে হাঁড়ির আসনে॥
মায়ে আসি দেখিয়া করয়ে হায় হায়।”
নিমাই কেন ‘হাঁড়ির আসনে’ বসেছিলেন? প্রসঙ্গটি বিশদ করো।

(ঙ) সপ্ৰসঙ্গ ব্যাখ্যা করো :

“কিছু নাহি জানে লোক ধনপুত্র আশে।
সকল পাষণ্ড মেলি বৈষ্ণবেরে হাসে।”

৪। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘মাথুর’ বলতে কী বোঝ? এই পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব আলোচনা করো।
- (খ) ‘অভিসার’ কাকে বলে? ‘অভিসার’ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার কৃতিত্ব বিচার করো।
- (গ) পঠিত পদ থেকে উদাহরণ দিয়ে রূপানুরাগের ভাবসৌন্দর্য পরিস্ফুট করো।

খ—গুচ্ছ

- (ঘ) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের আদি ঋণ অনুসরণে নিত্যানন্দের বাল্যলীলার পরিচয় দাও।

- (ঙ) “বন্দাবনদাসের কবিদৃষ্টি তাঁর রচনাকে সুঠাম মানব-রসের সিঞ্চনে হৃদয় করে তুলেছে।” ‘চৈতন্যভাগবত’-এর পঠিত অংশ অবলম্বনে আলোচনা করো।
- (চ) চৈতন্যাবির্ভাবের পর বঙ্গদেশের ধর্মীয় পরিবেশ ‘চৈতন্যভাগবত’ গ্রন্থে যেভাবে ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।
